# আইনমন্ত্রী হয়ে আমি ঠকে গেছি: আসাদুজ্জামান



আইনমন্ত্রী আসাদুজ্জামান। ছবি: সংগৃহীত

আইনমন্ত্রী আসাদুজ্জামান বলেছেন, মন্ত্রী হওয়ার পর আগের মতো আয় করার সুযোগ নেই। আইনজীবী হিসেবে আদালতে নিয়মিত কাজ করলে প্রতিদিনই কিছু আয় হতো, কিন্তু মন্ত্রী হিসেবে দীর্ঘ সময় কাজ করেও তুলনামূলক কম অর্থ পাওয়া যায় বলে মন্তব্য করেন তিনি।

শুক্রবার (২৮ আগস্ট) রাজধানীর একটি বেসরকারি বিশ্ববিদ্যালয়ে নতুন আইনজীবীদের সংবর্ধনা অনুষ্ঠানে বক্তব্য দেওয়ার সময় তিনি এ কথা বলেন।

আসাদুজ্জামান বলেন, আইনজীবী হিসেবে সফলতার হিসাব শুধু কত টাকা আয় করা হচ্ছে, তা দিয়ে করা উচিত নয়। পেশাগত দক্ষতা ও দায়িত্বশীলতার দিকে বেশি মনোযোগ দেওয়ার পরামর্শ দেন তিনি।

সুপ্রিম কোর্টের আইনজীবীদের প্রসঙ্গে আইনমন্ত্রী বলেন, সেখানে প্রায় ১৮ হাজার আইনজীবী রয়েছেন। কিন্তু তাঁদের মধ্যে কতজন প্রকৃত অর্থে ভালো আইনজীবী, তা নির্ধারণ করার নির্দিষ্ট কোনো ব্যবস্থা নেই। তিনি বিষয়টিকে বাস্তবতার একটি কঠিন দিক হিসেবে উল্লেখ করেন।

দেশে বর্তমানে প্রায় ৮০ হাজার আইনজীবী কাজ করছেন জানিয়ে আসাদুজ্জামান তাঁদের পেশাগত মান নিয়েও প্রশ্ন রয়েছে বলে মন্তব্য করেন।

আইনজীবীদের নিয়মিত প্রশিক্ষণের পর্যাপ্ত সুযোগ না থাকার কথাও তুলে ধরেন তিনি। তবে নতুন ও পেশাজীবী আইনজীবীদের প্রশিক্ষণের ব্যবস্থা করতে বর্তমান সরকার উদ্যোগ নিয়েছে বলে জানান। এ জন্য ৫০ কোটি টাকা বরাদ্দ দেওয়া হয়েছে বলেও উল্লেখ করেন আইনমন্ত্রী।